যায়যায়দিন

তারিখ . 25 . JAN 2005
পৃষ্ঠা ...৩... কলাম ...৫...

# রাবিতে শিবিরকে নিষিদ্ধ ও ভিসির অপসারণ দাবি করেছে ছাত্রলীগ

আলী আজগর খোকন রাবি

ইসলামী ছাত্রশিবিরের নিজস্ব ওয়েবসাইটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যাকাণ্ডকে আইনানুগ বলার অভিযোগে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ছাত্রশিবিরের রাজনীতি নিষিদ্ধ ও বিশ্ববিদ্যালয়ের ভিসির অপসারণ দাবি করেছে রাবি ছাত্রলীগ। একই সঙ্গে ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের প্রবীণ শিক্ষক ড. এস তাহের আহমেদ হত্যা মামলার পুনঃতদন্ত দাবি করেছে ছাত্রলীগ।

গতকাল দুপুরে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল শেষে সমাবেশে ছাত্রলীগ এ দাবি জানায়। সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রলীগের রাবি শাখার সভাপতি ইব্রাহিম হোসেন মুন, সহ-সভাপতি প্রদীপ রায়, যুগ্ম সম্পাদক আজিম বিন কামাল উজ্জ্বল, মামুনুর রশিদ, আবদুল্লাহ আল মাসুদ, সামিউল, আরিফুজ্জামান রনি, সাহাদৎ, নাসির, হানিফ, এমদাদ, অপু, প্রিন্স, ফারুক প্রমুখ। পরে ছাত্রলীগ এসব বিষয় নিয়ে লিখিত একটি বিবৃতি সাংবাদিকদের দেন।

সমাবেশে বক্তারা বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যাকাণ্ডকে যারা সামান্য একটি ঘটনা এবং আইনানুগ বলে তারা দেশের শত্রু। জাতির শত্রু। এ দেশে তাদের সহ্য করা হবে না। তাদের জঙ্গি রাজনীতিকে অবিলম্বে নিষিদ্ধ করতে হবে।

বক্তব্যে ইব্রাহিম হোসেন মুন বলেন, বর্তমান বিশ্ববিদ্যালয় প্রশাসনের সর্বোচ্চ কর্তা ভিসি শিবিরকে বিভিন্নভাবে প্রশ্রয় দিয়ে যাচ্ছেন। প্রশাসনকে এখনো কৌশলে জামাতিকরণ করার হীন চেষ্টা চালিয়ে যাচ্ছেন। তাই ভিসিকে অপসারণ করতে হবে অবিলম্বে।

এছাড়া ২০০৫ সালে বিশ্ববিদ্যালয়ের ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের প্রবীণ শিক্ষক ড. এস তাহের আহমেদ হত্যা মামলা রায়েরও আবার তদন্ত দাবি করেছে রাবি ছাত্রলীগ। মুন বলেন, জোট সরকারের আমলে ড. তাহের আহমেদকে খুন করা হয়। এ মামলার অভিযুক্ত প্রধান আসামি শিবিরের তৎকালীন সভাপতি মাহবুবুল আলম সালেহীকে পরে আদালত খালাস দেন। যার বিচার ন্যায়সঙ্গতভাবে হয়নি বলে অভিযোগ রয়েছে। তাই এ মামলা আবারো তদন্তের জন্য সরকারের সংশ্লিষ্ট বিভাগের প্রতি আহ্বান জানাচ্ছি। তবে এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের বর্তমান শিবির সভাপতি দেলোয়ার হোসেন সাঈদ বলেন, ছাত্রশিবির একটি আদর্শিক গণতান্ত্রিক ছাত্রসংগঠন। শান্তিপূর্ণ পরিবেশে তারা ছাত্র সমাজের অধিকার আদায়ে ভূমিকা রাখে। তাদের নেতা মাহবুব আলম সালেহীকে অন্যায়ভাবে ষড়যন্ত্রমূলকভাবে জড়ানো হয়েছিল। যা আদালতের রায়ে প্রমাণিত হয়েছে।